

২৪৬/বাউবি/পরীক্ষা/বিএ/বিএসএস/২০০৩/১২৯৭

তারিখ : ২৪ বৈশাখ, ১৪৩১ বঙ্গাব্দ
০৭ মে, ২০২৪ খ্রিষ্টাব্দ

আঞ্চলিক পরিচালক
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
আঞ্চলিক কেন্দ্র (সকল)।

বিষয় : বিএ এবং বিএসএস পরীক্ষা-২০২১ এর ফলাফল পুনঃনিরীক্ষণ প্রসঙ্গে।

মহোদয়

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পরিচালিত বিএ এবং বিএসএস পরীক্ষা-২০২১ এর ১ম, ২য়, ৩য়, ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ সেমিস্টারের বিষয়ভিত্তিক ও চূড়ান্ত ফলাফল প্রকাশিত হয়েছে। যে সকল শিক্ষার্থী ফলাফল পুনঃনিরীক্ষা করতে ইচ্ছুক তাদেরকে অন-লাইনে আবেদন করতে হবে। বিএ এবং বিএসএস পরীক্ষা-২০২১ এর ফলাফলের পুনঃনিরীক্ষণ সংক্রান্ত আবেদন ফরম exam.bou.ac.bd ওয়েব ঠিকানায় “পুনঃনিরীক্ষণ ও পুনঃপরীক্ষা” লিংকে পাওয়া যাবে (উক্ত লিংকে আবেদন এবং ফি জমা দেয়ার নিয়মাবলী দেয়া আছে)। উক্ত ফরম যথাযথভাবে পূরণ করে আগামী ২৭/০৫/২০২৪ তারিখের মধ্যে উল্লিখিত ওয়েব ঠিকানায় আবেদন করতে হবে এবং মোবাইল ক্যাশ ‘নগদ’ এর মাধ্যমে পুনঃ নিরীক্ষণের ফি বাবদ প্রতি বিষয়ে ৫০০/- (পাঁচশত) টাকা পরিশোধ করতে হবে। নির্ধারিত তারিখের পর কোন আবেদন ও ফি জমা দেয়া যাবে না।

বিষয়টি আপনার আঞ্চলিক কেন্দ্রাধীন সকল উপ-আঞ্চলিক কেন্দ্র, স্টাডি সেন্টার ও সংশ্লিষ্ট শিক্ষার্থীদের অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশিত হয়ে অনুরোধ জানানো হলো।

আপনার বিশ্বাসভাজন।

Handwritten signature and date: ০৭/০৫/২০২৪

(মোঃ কামরুজ্জামান জুঁঞা)
যুগ্ম-পরীক্ষা নিয়ন্ত্রক

Official stamp and handwritten date: ২০৭৩ ৭/৫/২৪

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

১. ডিন, এসএসএইচএল, বাউবি।
২. পরিচালক, এসএসএস বিভাগ, বাউবি।
৩. পরিচালক (ভারপ্রাপ্ত), কম্পিউটার বিভাগ, বাউবি (পত্রটি বাউবির ওয়েব সাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হ'ল)।
৪. যুগ্ম-আঞ্চলিক পরিচালক/উপ-আঞ্চলিক পরিচালক/সহ: আঞ্চলিক পরিচালক/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, উপ-আঞ্চলিক কেন্দ্র(সকল), বাউবি।
৫. একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি। উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য।
৬. একান্ত সচিব, উপ-উপাচার্য (শিক্ষা)-এর দপ্তর, বাউবি। উপ-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য।
৭. সহকারী সিনিয়র প্রোগ্রামার, কম্পিউটার ইউনিট, পরীক্ষা বিভাগ, বাউবি।
৮. সংরক্ষণ নথি।

বাউবির দীক্ষা: সবার জন্য উন্মুক্ত কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা